

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯২

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা এই আবু দুহা থেকে কেবল আ'মাশ হাদীসটি শ্রবণ করেছেন, ঐ ব্যক্তির কথা  
অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحس قول من زعم أن هذا الخبر سَمِعَهُ الْأَعْمَشُ عَنْ أَبِي الضُّحَى فقط

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ الْأَعْمَشِ عَنْ  
عُمَارَةَ بْنِ عُمَيْرٍ عَنْ وَهْبٍ هُوَ ابْنُ رَبِيعَةَ عَنْ ابْنِ مَسْعُودٍ قَالَ: إِنِّي لَمُسْتَتِرٌ بِأَسْتَارِ  
الْكُعْبَةِ إِذْ جَاءَ ثَلَاثَةُ نَفَرٍ: ثَقْفِيٌّ وَخَتَنَاهُ قُرَشِيَّانِ كَثِيرٌ شَحْمٌ بَطُونُهُمْ قَلِيلٌ فَقَهُهُمْ فَتَحَدَّثُوا  
الْحَدِيثَ بَيْنَهُمْ فَقَالَ أَحَدُهُمْ: أَتَرَى اللَّهَ يَسْمَعُ مَا قُلْنَا؟ وَقَالَ الْآخَرُ: إِذَا رَفَعْنَا سَمِعَ وَإِذَا  
خَفَضْنَا لَمْ يَسْمَعْ وَقَالَ الْآخَرُ: إِنْ كَانَ يَسْمَعُ إِذَا رَفَعْنَا فَإِنَّهُ يَسْمَعُ إِذَا خَفَضْنَا فَأَتَيْتُ  
النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَأَنْزَلَ اللَّهُ: {وَمَا كُنْتُمْ تَسْتَتِرُونَ أَنْ يَشْهَدَ  
عَلَيْكُمْ سَمْعُكُمْ وَلَا أَبْصَارُكُمْ وَلَا جُلُودُكُمْ} الآية [قصلت: 22].

الراوي : ابْنُ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 391 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৯২. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আমি কা'বার ঘরের পর্দার  
আড়ালে ছিলাম। এসময় তিনজন ব্যক্তি আসে; একজন সাকীফ গোত্রের আর দুইজন তার শ্যালক, যারা কুরাইশ  
বংশের ছিল। তাদের পেটের চর্বি ছিল অনেক বেশি কিন্তু বুঝ-বুদ্ধি ছিল কম। তারা পরস্পরে আলাপ-আলোচনা  
করছিলো। তাদের একজন বললো: “তোমরা কি মনে করো যে, আমরা যা বলছি তা আল্লাহ শুনছেন?” তখন  
তাদের একজন বললো: “যখন আমরা উচ্চ আওয়াযে কথা বলি তখন শুনেন, আস্তে বললে শুনেন না।” আরেক  
ব্যক্তি বললো: “উচ্চ আওয়াযে বললে যদি শুনেন, তাহলে অবশ্যই আস্তে বললেও শুনেন।” আব্দুল্লাহ বিন মাস'উদ  
রাদিয়াল্লাহু আনহু বলেন, “অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে ব্যাপারটি

বললাম। তখন মহান আল্লাহ নিম্নোক্ত আয়াত অবতীর্ণ করেন: “আর তোমরা কিছুই গোপন করতে না এ বিশ্বাসে যে, তোমাদের কান, চোখ ও ত্বক তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে না...”।” আয়াতের শেষ পর্যন্ত। (সূরা ফুসসিলাত: ২২)[১]

### ফুটনোট

[১] মুসনাদ আহমাদ: ১/৪০৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১/৪৪৩, ৪৪৪; সহীহ মুসলিম: ২৭৭৫; তিরমিযী: ৩২৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আত তিরমিযী: ৩২৪৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88691>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন